কোটচাঁদপুরে তথ্য আপার উঠান বৈঠক অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে তথ্য আপার উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে উপজেলা তথ্য কেন্দ্রের আয়োজনে এলাঙ্গী ইউনিয়নের বাগডাঙ্গা গ্রামে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

উঠান বৈঠকে নারীর ক্ষমতায়ন, তথ্য কেন্দ্রের কার্যক্রম অর্থনৈতিক অগ্রগতিতে নারীর ভূমিকা, প্রাকৃতিক দুর্যোগ, করোনা প্রতিরোধে করণীয় এবং জাতীয় মহিলা সংস্থার আওতায় ‘তথ্য আপা’ প্রকল্পের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগা প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন ও বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে বৈঠকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, তথ্য সেবা সহকারি মমতাজ খাতুন, শারমিন আক্তার, অফিস সহায়ক আফসানা খাতুন সহ তথ্য কেন্দ্রের সুবিধাভোগী গ্রামীণ প্রান্তিক নারীরা।

ঝিনাইদহে ১৫’শ কৃষকদের মাঝে বিনামুল্যে সরকারি সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ১৫’শ কৃষকদের মাঝে বিনামুল্যে রাসায়নিক সার ও সরিষা’র বীজ বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে

কৃষি বিভাগের পক্ষ থেকে এ সার-বীজ বিতরণ করা হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীনের সভাপত্বিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যশোর অঞ্চলের উপ-পরিচালক জাহিদুল আমিন।
বিশেষ অতিথি ছিলেন জেলা কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা কৃষি অফিসার জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ অফিসার জুনাইদ হাবীব, ইমদাদুল হাসান।
কৃষি বিভাগ জানায়, রবি মৌসুমে ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে প্রণোদণা কর্মসূচীর আওতায় ১৫’শ কৃষকদের মাঝে ২০ কেজি করে করে রাসায়নিক সার ও ১ কেজি উন্নত জাতের সরিষা’র বীজ বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে ডাকাতির মামলায় জামাই-শশুর গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর এলাকার জাবড়েখেত পুলিশ চেক পোষ্টের কাছে ডাকাতির ঘটনায় জামাই-শশুরকে কে গ্রেফতার করেছে পুলিশ। রবিবার রাতে কোটচাঁদপুর উপজেলার বলরামপুর গ্রামের মৃত নিকার আলী মন্ডলের ছেলে আমির মন্ডল (৫০) ও কালিগঞ্জ উপজেলার কালোখালি গ্রামের মৃত আহম্মদ গুলজারের ছেলে আব্দুর রহমান (৪৫ কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা সর্ম্পকে জামাই-শশুর। বিষয়টি নিশ্চিত করে মামলার তদন্তকারী কর্মকর্তা ওসি (তদন্ত) ইন্সপেক্টর ইমরান আলম জানান, প্রযুক্তির মাধ্যমে ডাকাতিকালে ছিনিয়ে নেওয়া ভুক্তভোগীর ১টি মোবাইলের লোকেশন সর্ম্পকে নিশ্চিত হয়ে রবিবার রাতে বলরামপুর গ্রাম থেকে আমির আলী মন্ডলকে গ্রেফতার করা হয়।

পরে তার কথপোকথন এর সূত্র ধরে কালিগঞ্জ উপজেলার কালোখালি গ্রাম থেকে ডাকাতি হওয়া মোবাইল ফোনটি উদ্ধার করা হয়। এসময় আমির আলীর জামাই ওই গ্রামের আব্দুর রহমানকে গ্রেফতার করা হয়। প্রাথমিক

জিজ্ঞাসাবাদ শেষে ডাকাতির ঘটনায় শশুর আমির আলীর সম্পৃক্ত থাকার বিষয়ে নিশ্চিত হলে এ মামলার আসামী করে সোমবার দুপুরে তাদেরকে আদালতে পাঠায়।

তদন্তকারী কর্মকর্তা জানান, আদালতে আসামী আমীর আলীর ৭ দিনের রিমান্ড আবেদন ও আব্দুর রহমানকে ১৬৪ ধারায় স্বীকারোক্তি মূলক জবানবন্দী করা হবে। গত ৪ অক্টোবর কোটচাঁদপুর পৌর শহরের চৌগাছা সড়কের পুলিশ চেক পোষ্টের কাছে সংঘবদ্ধ ডাকাতি সংঘটিত হয়। ডাকাতরা সেই রাতে একটি ১৬০ সিসি আ্যাপাসি মোটরসাইকেল, ৪ টি মোবাইল ফোন ও নগদ অর্থ ছিনিয়ে নেয়। এসময় ডাকাতদের লাঠির আঘাতে মোটরসাইকেল আরোহী রাসেল (২৮) আহত হন। পরে ভুক্তভোগী বাদী হয়ে অজ্ঞাত আসামী করে কোটচাঁদপুর থানায় ডাকাতি মামলা দায়ের করেন।

কোটচাঁদপুর ইউপি নির্বাচন বর্তমান চেয়ারম্যানরাই হলেন নৌকার মাঝি

নানা গুঞ্জন ও জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে তৃতীয় ধাপে অনুষ্ঠিতব্য ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার ৫টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে আ.লীগের মনোনয়ন পেয়ে আবারো নৌকার মাঝি হলেন বর্তমান ৫ চেয়ারম্যান। শনিবার (২৩ অক্টোবর) কেন্দ্রীয় আ.লীগের পক্ষ থেকে মনোনয়নের বিষয়টি নিশ্চিত করা হয়। বর্তমান চেয়ারম্যানরাই পুনরায় আ.লীগের দলীয় প্রার্থী মনোনীত হওয়ায় তাদের কর্মী-সমর্থকদের মাঝে আনন্দের বন্যা বয়ে যাচ্ছে।
অপরদিকে মনোনয়ন প্রাপ্তির দৌড়ে এগিয়ে থাকা সত্ত্বেও শেষ পর্যন্ত ছিটকে পড়া মনোনয়ন বঞ্চিতদের অনেকের মাঝে চরম অসন্তোষ বিরাজ করছে। তাদের অনেকে দলের বিদ্রোহী বা স্বতন্ত্র প্রার্থী হয়ে নির্বাচনে অংশ গ্রহন করতে পারেন বলে সাধারণ নেতা-কর্মীরা অনেকে ধারনা করছেন। আগামী ২৮ নভেম্বর অনুষ্ঠিতব্য তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে আ.লীগের দলীয় প্রার্থী মনোনীত হওয়া চেয়ারম্যানরা হলেন, ১নং সাফদারপুর ইউনিয়নের নওশের আলী নাসির, ২

নং দোড়া ইউপি’র মো কাবিল বিশ্বাস, ৩ নং কুশনা ইউপি’র মোঃ আব্দুল হান্নান, ৪ নং বলুহর ইউপি’র মোঃ আব্দুল মতিন ও ৫ নং এলাঙ্গী ইউপি’র মিজানুর রহমান খাঁন।

ঝিনাইদহে সরকারি খরচে বিদেশ যাওয়ার সুযোগ পাচ্ছে ২’শ জন বেকার যুবক

ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে চাকুরি মেলা অনুষ্ঠিত হয়েছে। এতে সরকারি খরচে সৌদি আরব যাওয়ার সুযোগ পাচ্ছে ২’শ জন চাকুরি প্রত্যাশী।
রোববার সকাল থেকে টিটিসি প্রাঙ্গণে বিদেশগামীদের স্বাক্ষাতকার গ্রহণ করা হয়। চাহিদা অনুয়ায়ী পাওয়ায় আবেদনকারীদের মধ্যে ২’শ জনকে ইয়েস কার্ড প্রদাণ করা হয়।
টিটিসির অধ্যক্ষ রুস্তম আলী জানান, রোববার দিনব্যাপী স্বাক্ষাতকার গ্রহণের মাধ্যমে ২ জনকে ইয়েস কার্ড প্রদাণ করা হয়েছে। ‘ম্যাক্স ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস’ নামের একটি রিক্রুটিং এজেন্সির মাধ্যমে আগামী ৪৫ দিনের মধ্যে ভ্যাকসিন গ্রহণ করে সরকারি খরচে সৌদি যেতে পারবেন তারা। স্বাক্ষাতকার গ্রহণের সময় টিটিসি’র কর্মকর্তা ছাড়াও ‘ম্যাক্স ম্যানেজমেন্ট এন্ড সার্ভিসেস’র পরিচালক মেহেদি হাসান, সরকারী পরিচালক তানিম হাসানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সুচন্দনের কাজে নেই কোন নন্দন

ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের বিরুদ্ধে মানববন্ধন ও সংবাদ সম্মেলন করেছে ঝিনাইদহের স্থানীয় ব্যবসায়ীরা। গতকাল শনিবার বেলা ১১টার দিকে শহরের ব্যাপারীপাড়া এলাকার জোড়াপুকুর এলাকায় এই মানববন্ধন কর্মসুচি পালন করা হয়। মানববন্ধন শেষে ঝিনাইদহ জেলা প্রেসক্লাবে সংবাদ সম্মেলন করেন ব্যবসায়ীরা।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা পেট্রোল পাম্প মালিক সমিতির সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম, শ্রীকৃষ্ণ ভান্ডারের মালিক সুব্রত সাধুখাঁ, জেলা পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক সুশীল কুমার, বাগাট মিষ্টান্ন ভান্ডারের মালিক সুব্রত ঘোষসহ প্রমুখ ব্যবসায়ী। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ঝিনাইদহ চেম্বার অব কমার্সের সহ-সভাপতি নাসিম উদ্দীন। লিখিত বক্তব্যে বলা হয়, ঝিনাইদহের ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের বেপরোয়া কর্মকান্ডে ক্ষুদ্র, মাঝারী উদ্যোক্তা ও ব্যবসায়ীরা অতিষ্ঠ।

তিনি অভিযানের নামে র্দুর্ণীতি, ক্ষমতার অপব্যবহার ও স্বেচ্ছাচারিতা করে যাচ্ছেন। তিনি ২০১৭ সালের ১৭ জুলাই যোগদানের পর থেকে জেলার ৬টি উপজেলার বিভিন্ন বীজের দোকান, তেলপাম্প, ব্রেড ফ্যাক্টরি, চানাচুর কারখানা, রেস্টুরেন্ট, হোটেল-রেস্তোরাঁ, বেকারিসহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে দশ হাজার থেকে শুরু করে লক্ষাধিক টাকা জরিমানা করে ব্যবসায়ীদের ক্ষতিগ্রস্থ করছেন। ব্যবসায়ীরা অভিযোগ করেন, সুচন্দন মন্ডল ব্যবসায়ীদের অফিসে ডেকে নিয়ে জরিমানা ও ব্যবসা প্রতিষ্ঠান সিলগালা করার ভয় দেখিয়ে মোটা অংকের চাঁদা দাবি করেন। তার চাহিদা পূরণ না হলে ওই প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করাসহ তাকে বিভিন্নভাবে হয়রানি করেন।

ঝিনাইদহ শহরের অগ্নিবীনা সড়কের বিশিষ্ট ব্যবসায়ী শহীদ বীজ ভান্ডারের মালিক শহিদুল ইসলাম ক্ষোভ প্রকাশ করে বলেন, সুচন্দন মন্ডলের কারণে এখন ব্যবসা করাই দুরূহ হয়ে পড়েছে। তার ক্রমবর্ধমান চাহিদা পূরণ করতে গিয়ে ব্যবসার পুঁজি হারানোর উপক্রম হয়েছে। কয়েকদিন আগে তার বীজের দোকানে (শহীদ বীজ ভান্ডার) অভিযান চালিয়ে ২ লাখ ২৯ হাজার ৫শ’ টাকা জেলা তথ্য কর্মকর্তা আবু বকর সিদ্দিকের

মাধমে আদায় করেন, যা সম্পুর্ন অবৈধ।

জেলা পেট্রোল পাম্প মালিক সমিতির সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম অভিযোগ করেন, সুচন্দন নিজেকে নির্বাহী ম্যাজিষ্ট্রেট পরিচয় দিয়ে টাকা আদায় করে বেড়ান। সৎ ব্যবসায়ীদের কাছে সুচন্দন মন্ডল এখন ‘মূর্তিমান আতংক’ বলেও অভিযোগ করেন ব্যবসায়ীরা। ব্যবসায়ী নেতা নাসিম উদ্দীন বলেন, “সুচন্দন মন্ডলের চাঁদাবাজির বিষয়ে আমরা জেলা প্রশাসনকে অবহিত করেছি। কিন্তু তার আচরণ পরিবর্তন হয়নি।
এ ব্যাপারে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল বলেন, তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সত্য নয়। যাদের কাছ থেকে জরিমানার টাকা আদায় করা হয়েছে তা বিধি মোতাবেক করা হয়েছে। অসৎ ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করায় তার বিরুদ্ধে এমন মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ তোলা চরম অন্যায় বলে তিনি মনে করেন।

তিনি বলেন, মনোরঞ্জন সাধুখা বেশি দামে তেল বিক্রি করছিল। এ জন্য তাকে জরিমনা করা হয়। সুশীল ব্রাদার্স মেয়াদুত্তীর্ন পন্য বিক্রি করছিল। তার দোকানে তা সাজিয়ে রাখা হয়। সততা বেকারীতে সাল্টু মিশিয়ে পন্য তৈরী করা হচ্ছিল। শরিফুলের ভাড়া করা পাম্পে ভোক্তা অভিযান চালায়নি। চালিয়েছে নির্বাহী ম্যাজিষ্ট্রেট। তাচাড়া শহীদ বীজ ভান্ডারে কোন জরিমানা নয়, কৃষকদের ক্ষতিপুরণের টাকা আদায় করে দেওয়া হয়েছে বলে সুচন্দন মন্ডল জানান।

কোটচাঁদপুরে জানাযা পড়াকে কেন্দ্র করে ইমামকে মারধর,এলাকায় উত্তেজনা

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের দুধসারা গ্রামে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করা শিশুর জানাযা নামাজ পড়াকে কেন্দ্র করে ইমামকে মারধরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় সাধারণ মুসল্লিদের বিক্ষোভে এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

শনিবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দুধসারা হটাত পাড়া এলাকায় এ ঘটনা ঘটে। এ খবর লেখা পর্যন্ত পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনার চেষ্টা করছে।

স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার বিকালে দুধসারা হটাত পাড়ার সাইফুল ইসলামের মেয়ে বিথি খাতুন (১১) মায়ের ওপর অভিমান করে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে। শনিবার ঝিনাইদহ সদর হাসপাতালে শিশুটির ময়না তদন্ত হয়। সন্ধ্যায় দুধসারা জামে মসজিদের ইমাম মাওলানা নজির আহম্মেদকে জানাযা পড়াতে বলেন মৃতের পরিবার। হুজুর ওই এলাকার মসজিদের ইমাম আছে জানিয়ে বলেন, নামাজ পড়ানোর অধিকার ওই ইমামের। তিনি যদি পড়াতে না পারেন, তাহলে আমার নিকট আসবেন। এতে মৃতের পরিবারের লোকজন ইমামের ওপর ক্ষিপ্ত হয়।

সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে ইমাম মসজিদে যাবার পথে দুধসারা গ্রামের আরাফাতের ছেলে জহির (৩০), মৃত আব্দুল মালেকের ছেলে সোহেল (২৬) সহ অজ্ঞাত ৫/ জন যুবক ইমাম নজির আহম্মেদ কে লাঠি দিয়ে এলোপাতাড়ি মারধর করে। খবর পেয়ে সাধারণ মুসল্লিরা ইমামের পক্ষে বিক্ষোভ করে ওই এলাকায় জড়ো হতে থাকে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা দেখা দেয়। আহত ইমাম নজির আহম্মেদকে স্থানীয় একটি ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। তিনি শহরের বেনেপাড়ার মুনছুর আহম্মেদের ছেলে। দীর্ঘ ২২ বছর যাবত দুধসারা জামে মসজিদের ইমামের দায়িত্ব পালন করছেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন বলেন, জানাযা পড়াকে কেন্দ্র করে একটু ভুল বুঝাবুঝি হয়েছিল। এ নিয়ে অপ্রীতিকর ঘটনা ঘটার কথা না। আমি ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি।

ঝিনাইদহে পুলিশের সম্প্রীতি সমাবেশ ও মতবিনিময় সভা

সকল প্রকার সহিংসতা প্রতিরোধে সম্প্রীতি সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের আয়োজনে বাজারে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই রবি শংকর নাগ’র

সভাপতিত্বে সম্প্রীতি সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা। বিশেষ অতিথি ছিলেন পদ্মাকর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সৈয়দ নিজামুল গণি লিটু, সাবেক চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস, জেলা পরিষদের সদস্য ইমাজুল হক। অনুষ্ঠান পরিচালনা করেন, হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের এ এস আই এন্তাজ আলী।
অনুষ্ঠানের প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, কেউ বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করলে সে যেই হোক না কেন তাকে আইনের আওতায় আনা হবে। তিনি গ্রামবাসীদের উদ্দেশ্যে আরো বলেন এই কুচক্রী মহলকে নিয়ন্ত্রণে ও সকল প্রকার অপরাধ দমন করে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠায় পুলিশ-জনতা সবাই কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে।

ঝিনাইদহে আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে জেলা শিল্পকলা একাডেমিতে এই সভা অনুষ্ঠিত হয়।
জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপির সভাপতিত্বে সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম। বিশেষ অতিথি হিসেবে কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, কেন্দ্রীয় কমিটির সদস্য এ্যাড. আমিরুল আলম মিলন, পারভীন জামান কল্পনা। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম অপু, এ্যাড. আজিজুর রহমান, তৈয়ব আলী জোয়ার্দ্দার, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাসসহ অন্যান্যরা।

বর্ধিত সভার প্রধান অতিথি বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেছেন, বিদেশে বসে মিথ্যা অপপ্রচার তথ্য সন্ত্রাসের শামিল। এই তথ্যসন্ত্রাস ও মির্জা ফখরুলদের অপপ্রচার সাম্প্রদায়িক হামলাকারীদের রক্ষা করার একটি অপকৌশল মাত্র।
তিনি আরও বলেন, বিএনপি-জামায়াত যারা বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতির উপরে আঘাত হানলো। আজকে শারদীয় দুর্গোৎসবকে ঘিরে সামাজিক প্লাটফর্মের উপর ভর করে, অপপ্রচার করে, তথ্যসন্ত্রাস করে, দেশে-বিদেশে বসে তথ্যসন্ত্রাস করে সাম্প্রদায়িক সন্ত্রাস সৃষ্টি করে তারা দায় দেয় কাদের? মির্জা ফখরুল ইসলাম কাদের বিরুদ্ধে অভিযোগ দেয়? বলে সরকার! সরকারি দল! এটা হলো একটি অপপ্রচার। মির্জা ফখরুলদের এই অপপ্রচার আর তথ্য সন্ত্রাস সাম্প্রদায়িক সন্ত্রাসীদের রক্ষা করার একটি কৌশল।
তৃণমুল নেতাকর্মীদের উদ্দেশ্যে আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেন, দেশ যখন এগিয়ে যাচ্ছে তখন সাম্প্রদায়িক হামলার মধ্য দিয়ে ওরা দ্বিধাবিভক্ত করতে চাইছে। তাই বিএনপির এই অপরাজনীতির বিরুদ্ধে আপনাদের সজাগ থাকতে হবে। আপনাদের কাজ করতে হবে। আপনারাই এ দেশের আসল মালিক। আপনারাই হলেন আসল পাহারাদার।
বর্ধিত সভায় ঝিনাইদহের ৬ টি উপজেলা ও ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দসহ জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে জাতীয় নিরপাদ সড়ক দিবস পালিত

“গতিসীমা মেনে চলি, সড়ক দূর্ঘটনা রোধ করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় নিরপাদ সড়ক দিবস উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে শুক্রবার বেলা ১১টার দিকে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার

হোসেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কোটচাঁদপুর ফায়ার স্টেশন অফিসার প্রদীপ কুমার, সাংবাদিক শেখ নজরুল ইসলাম, এসএম রায়হান উদ্দীন, মঈন উদ্দিন সহ উপপজেলায় বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও থানা পুলিশ।